

তারিখ : ০৯/০৭/২০২৪ খ্রি : তারিখে অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী।

উপজেলা : ঝিকরগাছা, যশোর।
সভাপতি : জনাব লুবনা তাস্কী, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা, যশোর।
তারিখ : ০৯/০৭/২০২৪ খ্রি : সময় : বেলা - ১০.০০ টায়।

উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট - ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় আলোচনা শুরু করার জন্য কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ জানান। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান যে, সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক অত্র উপজেলায় বিআরডিবি'র মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নের জন্য গ্রাম পর্যায়ে কৃষকদের সমন্বয়ে কৃষক সমবায় সমিতি ও মহিলাদের সমন্বয়ে মহিলা সমবায় সমিতি গঠন করা হয়। গ্রাম পর্যায়ে গঠিত সমবায় সমিতির সমন্বয়ে উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ লিঃ) বিগত ১৯৭৩ সালে সমবায় বিভাগ কর্তৃক নিবন্ধিত হয়। বিআরডিবি'র মাধ্যমে ১৯৮০ দশকে সবুজ বিপ্লবের অংশ হিসেবে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে সেচ প্রকল্পের আওতায় ঋণের মাধ্যমে গভীর নলকূপ ও অগভীর নলকূপ সরবরাহ করা হয়। বর্তমানে কৃষি বিভাগের মাধ্যমে উপজেলা পরিষদ হতে গ্রাম পর্যায়ে কৃষকদের বিরামূল্যে সার, বীজসহ বিভিন্ন কৃষি উপকরণ সরবরাহ করা হয়ে থাকে। অত্র উপজেলায় ১৫৩ টি কৃষক সমবায় সমিতি আছে। যার সদস্য সংখ্যা ৩৮৬১ জন। সমিতি পর্যায়ে সর্বমিল ২০ জন সদস্য আছে। কৃষক সমবায় সমিতিগুলি গ্রাম পর্যায়ে সেতু প্রদান করে থাকে। একটি কৃষক সমবায় সমিতিতে একটি স্প্রেমেশিন প্রদান করা হলে সমিতির সকল সদস্য উপকৃত হবে এবং সরকারের উন্নয়ন অগ্রযাত্রা ফলপ্রসূ হবে। প্রাথমিকভাবে ৫০ (পঞ্চাশ) টি কৃষক সমবায় সমিতিতে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় ৫০ (পঞ্চাশ) টি ফুটপাম্প সরবরাহের জন্য প্রস্তাব রাখেন। যার প্রাক্কলিত মূল্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভাকে আহবান জানান।

সিদ্ধান্ত : উপস্থাপিত বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় বিআরডিবি'র আওতাভুক্ত ৫০ (পঞ্চাশ) কৃষক সমবায় সমিতিতে ৫০ (পঞ্চাশ) টি স্প্রেমেশিন সরবরাহ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রকল্পের নাম : স্প্রেমেশিন সরবরাহ।
প্রকল্পের ব্যয় : প্রাক্কলিত মূল্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

লুবনা তাস্কী
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
তারিখ : ০৯/০৭/২০২৪ খ্রি :

স্মারক নং : ৪৭.৬২.৪১২৩.১০১.১৮.১৪৮.০৮.১০৮৭
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, ঝিকরগাছা, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
- ৩। উপপরিচালক, বিআরডিবি, যশোর।
- ৪। উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা, যশোর।
- ৫। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), ঝিকরগাছা, যশোর।
- ৬। উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা, যশোর।
- ৭। সদস্য (সকল) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর।
- ৮। অফিস কপি।

(মোঃ মাহমুদুল হাসান)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
ঝিকরগাছা, যশোর।
ফোন নং : ০৪২৭৭-৭৬৯২০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়
বিকরগাছা, যশোর।

স্থায়ী কমিটির সদস্যদের উপস্থিতির তালিকা।

অধিবেশন নং : ২২ (বাইশ)
সময় : সকাল ১০.০০ টা।

তারিখঃ ০৯/০৭/২০২৪ খ্রিঃ

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ-

ক্রমিক নম্বর	নাম ও পদবী	সভার পদবী	স্বাক্ষর
০১	লুবনা তাস্কী উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, বিকরগাছা।	সভাপতি	
০২	মোঃ সেলিম রেজা উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিকরগাছা।	সদস্য	
০৩	চেয়ারম্যান নির্বাস্থোলা ইউনিয়ন বিকরগাছা, যশোর।	সদস্য	
০৪	চেয়ারম্যান শংকরপুর ইউনিয়ন বিকরগাছা, যশোর।	সদস্য	
০৫	মোঃ ছালাউদ্দিন উপজেলা সমবায় কর্মকর্তা বিকরগাছা, যশোর।	সদস্য	
০৬	মোঃ মাহমুদুল হাসান উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিকরগাছা, যশোর।	সদস্য-সচিব	